শেখ হাসিনার উদ্যোগ

দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২
ফুলবাড়ী,বিরামপুর, দিনাজপুর।

স্মারক নং- ২৭.১২.২৭৩৮.৫২০.১০০.১৫.১৯ ৭২৮ তারিখঃ ২৩ মাঘ, ১৪২৫ বঙ্গাব্দ
০৫ ফেব্রুয়ারি, ২০১৯ খ্রিষ্টাব্দ

"ভিআইপি রেস্ট হাউজের ০১ নং কক্ষ, অফিস ভবনের জেনারেল ম্যানেজার মহোদয়ের কক্ষ ও প্রশাসন বিভাগের ওয়াশ রুম টাইলস করণের (RFQ) দরপত্র বিজ্ঞপ্তি"

দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর "ভিআইপি রেস্ট হাউজের ব্যবহৃত ০১ নং কক্ষ, অফিস ভবনের জেনারেল ম্যানেজার মহোদয়ের কক্ষ ও প্রশাসন বিভাগের ওয়াশ রুম টাইলস করণের নিমিত্তে নিজস্ব তহবিলের আওতায় প্রকৃত ব্যবসায়ী/ ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নোক্ত শর্তসাপেক্ষে প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে।

ক্রমিক নং	দরপত্র নং (RFQ)	বিবরণ	পরিমান	একক মূল্য (টাকা)	মোট মূল্য (টাকা)
১.	৩১/২০১৮-১৯	ফ্লোর টাইলস- চায়না (সাইজ- ২৪" × ২৪") (নমুনা মোতাবেক)	২৫০টি		
২.		ওয়াল টাইলস- চায়না (সাইজ- ৮" × ১২") (নমুনা মোতাবেক)	২০০ টি		
৩.		ফ্লোর টাইলস (হোমোজিনিয়াস, এক কালার) (সাইজ- ৮" ×১২") (নমুনা মোতাবেক)	৪০ টি		
৪.		সিমেন্ট (নমুনা মোতাবেক)	১৩ বস্তা		
৫.		পুডিং	১০ প্যাঃ		
৬.		ভিকসল্ট	০৫ লিঃ		
৭.		বালু	০১ ট্রলি		
৮.		মজুরী	-		
		মোট =			

কথায়ঃ ....

দরপত্র প্রদানের স্থান ও সময়

০১।	RFQ জমা দেয়ার তারিখ ও সর্বশেষ সময়	১২/০২/২০১৯খ্রিঃ তারিখ মঙ্গলবার দুপুর ১২-০০ ঘটিকা পর্যন্ত
০২।	RFQ জমা দেয়ার স্থান	পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা অথবা দিনাজপুর পবিস-২ এর সদর দপ্তর, ফুলবাড়ী, বিরামপুর, দিনাজপুর।
০৩।	RFQ খোলার তারিখ, সময় ও স্থান	১২/০২/২০১৯খ্রিঃ তারিখ মঙ্গলবার দুপুর ১২-৩০ ঘটিকায় পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃ অঃ) পরিদপুর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা এবং দিনাজপুর পবিস-২ এর সদর দপ্তর, ফুলবাড়ী, বিরামপুর, দিনাজপুর।

শর্তাবলীঃ

০১। উপরে বর্ণিত সময়সীমার মধ্যে যে কোন দিন (সরকারী ছুটি ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত) অফিস সময়ে সীলমোহরকৃত দরপত্র পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, সদর দপ্তর (৯ম তলা), জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা অথবা দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২, ফুলবাড়ী, বিরামপুর, দিনাজপুর এর সদর দপ্তরে রক্ষিত টেন্ডার বাক্সে দরপত্র দাখিল করতে পারবেন। নির্ধারিত সময়ের পর কোন অবস্থাতেই দরপত্র গ্রহণ করা যাবে না। দাখিলকৃত দরপত্রসমূহ বর্ণিত সময়সূচী অনুযায়ী স্ব-স্ব দপ্তরে উপস্থিত দরদাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

০২। দরপত্রের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স, ব্যাংক সলভেন্সী সনদপত্র, আয়কর পরিশোধের প্রত্যয়নপত্র ও ভ্যাট রেজিষ্ট্রেশন সনদপত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য-

E:\Monoara\100.15\Tender18-19\Tender.doc119

মোঃ গোলাম ...
মোঃ ...
জেনারেল ম্যানেজার
দিনাজপুর পবিস-২

০৩। দরপত্রে কোনরূপ কাটাকাটি বা ঘষামাজা গ্রহণযোগ্য হবে না। দরপত্রের খামের উপরে স্পষ্টাক্ষরে "টাইলস (স্কাটিং সহ) করণের দরপত্র" কথাটি লিখতে হবে।

০৪। স্পেসিফিকেশন মোতাবেক উন্নতমানের টাইলস সরবরাহ করতে হবে এবং কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত স্থানে টাইলস স্থাপন করতে হবে। পূর্বের মোজাইক সম্পূর্ণ ভেঙ্গে সরিয়ে নিতে হবে। ওয়াশ রুমে টাইলস স্থাপনের সময় স্যানিটারী ফিটিংস নিজ দায়িত্বে খুলে রেখে কাজ শেষে পুনরায় ফিটিংস করতে হবে। স্যানিটারী মালামাল ক্ষতিগ্রস্থ হলে নিজ খরচে সম্পূর্ণ নতুন স্থাপন করতে হবে।

০৫। সরবরাহকৃত টাইলস ও অন্যান্য মালামাল গ্রহণের প্রাক্কালে অত্র সমিতির প্রতিনিধির উপস্থিতিতে উল্লিখিত বিবরণ অনুযায়ী গ্রহণ করা হবে।

০৬। সরবরাহকৃত মালামাল সমিতির বিবরণ/ নমুনা মোতাবেক না হলে সে ক্ষেত্রে আপনার নিজ খরচে ও নিজ দায়িত্বে ত্রুটিমুক্ত মালামাল সমিতিতে পুনঃ সরবরাহ করতে হবে। কার্যাদেশ প্রদানের সময় বর্ণিত মালামালের পরিমান কম বা বেশী হতে পারে। এ ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে বিবেচিত হবে।

০৭। কার্যাদেশ ইস্যুর তারিখ হতে সর্বোচ্চ ৩০ দিনের মধ্যে কার্য সম্পন্ন করতে হবে। নির্দিষ্ট সময়ের মধ্যে কার্য সম্পাদনে ব্যর্থ হলে প্রতিদিনের বিলম্বের জন্য কার্যাদেশে উল্লিখিত মোট মূল্যের ১% এর ১/১০ অংশ হিসাবে কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা কার্যাদেশে উল্লিখিত মোট মূল্যের ১০% (দশ শতাংশ) এর অধিক হবে না।

০৮। দরপত্র বাছাইকালে উদ্ধৃত মূল্যে গাণিতিক কোন ভুল থাকলে উদ্ধৃত একক মূল্যকে পরিমান দ্বারা গুণ করে প্রাপ্ত মোট মূল্য এবং উদ্ধৃত মোট মূল্যের মধ্যে কোন গরমিল দেখা দিলে সেক্ষেত্রে একক মূল্য বহাল থাকবে এবং সে অনুযায়ী মোট মূল্যকে সংশোধন করা হবে। অংকে উদ্ধৃত মূল্য এবং কথায় উদ্ধৃত মূল্যের মধ্যে কোন গরমিল দেখা দিলে সেক্ষেত্রে কথায় উদ্ধৃত মূল্য বহাল থাকবে।

০৯। সন্তোষজনকভাবে কার্য সম্পাদনের পর চালান ও বিল দাখিল সাপেক্ষে একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে। পরিশোধযোগ্য বিল হতে সরকারী নিয়মানুযায়ী ভ্যাট ও আয়কর কর্তন করা হবে।

১০। আগ্রহী দরদাতাগণ অফিস চলাকালীন সময়ে সমিতির সদর দপ্তর হতে প্রয়োজনীয় অতিরিক্ত তথ্য সংগ্রহ করতে পারবেন।

১১। দরপত্রের শর্তাবলীতে উল্লেখ নাই এমন সকল বিষয়ে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

১২। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র আংশিক / সম্পূর্ণ গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সমিতি কর্তৃপক্ষের নিকট সংরক্ষিত থাকবে।

(মোঃ মজিবুল হক)
জেনারেল ম্যানেজার (অঃ দাঃ)।

<u>অনুলিপিঃ</u> নোটিশ বোর্ডে প্রচারের অনুরোধ সহ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

০১। পরিচালক, পবিস মঃ ও ব্যঃ পঃ (উঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (নির্ধারিত সময়ে দরপত্র বক্সে দরপত্র গ্রহণের অনুরোধ সহ)।
০২। জেলা প্রশাসক, দিনাজপুর।
০৩। পুলিশ সুপার, দিনাজপুর।
০৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (বাপবিবোর ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)।
০৫। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/ সড়ক ও জনপদ, দিনাজপুর।
০৬। নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, দিনাজপুর।
০৭। সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার............................পবিস-১/২/৩/৪।
০৮। উপজেলা নির্বাহী অফিসার................................. উপজেলা, দিনাজপুর।
০৯। মেয়র, ...পৌরসভা, দিনাজপুর।
১০। ডিজিএম, পার্বতীপুর জোনাল অফিস, দিপবিস-২।
১১। সহকারী প্রকৌশলী, বাপবিবো, দিনাজপুর।
১২। এজিএম (অর্থ-হিসাব/ওএন্ডএম), দিপবিস-২।
(১০-১২: দরপত্র মূল্যায়নের জন্য নির্দিষ্ট সময়ে উপস্থিত থাকার জন্য বলা হলো)।
১৩। জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি), দিপবিস-২ (অত্র পবিসের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
১৪। নোটিশ বোর্ড/ অফিস কপি / মাষ্টার কপি।

(মোঃ মজিবুল হক)
জেনারেল ম্যানেজার (অঃ দাঃ)।